



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।
বহির্গমন শাখা

স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০৪০.১৮.০০২.২০.৫৭

তারিখ : ০৬.০২.২০২১ খ্রিঃ।

বিষয় : ২০১৯ সালে ক্রোয়েশিয়া গমনকারী বাংলাদেশী কর্মীদের কর্মস্থল হতে পলায়ন এবং চাহিদা অনুসারে দক্ষতা না থাকায় কিছু সংখ্যক কর্মীকে টার্মিনেট করা প্রভৃতি কারণে উদ্ভূত সমস্যা ও ভবিষ্যত করণীয় সংক্রান্ত।

সূত্র : প্রকবৈকম এর পত্র নম্বর : ৪৯.০০.০০০০.০৪৪.১৮.০২৮.১৮.০৪, তারিখ : ০৪/০১/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে ক্রোয়েশিয়াগামী বাংলাদেশী কর্মীদের বহির্গমন ছাড়পত্রের বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা পাওয়া গেছে। মন্ত্রণালয়ের বর্ণিত নির্দেশনাসমূহ নিম্নরূপ :

- কর্মী নির্বাচনের সময় তাদের পূর্ণাঙ্গ পেশাদারিত্ব ও দক্ষতা নিশ্চিতকরণ;
- কর্মস্থলে যোগদানপূর্বক তদস্থলে কর্মীর অবস্থান নিশ্চিতকরণ;
- ক্রোয়েশিয়া ভাষা ও সংস্কৃতি সম্পর্কে নির্বাচিত কর্মীর ন্যূনতম জ্ঞান থাকা; এবং
- ক্রোয়েশিয়ায় গমনের ০৭ (সাত) দিনের মধ্যে বাংলাদেশী কর্মীদের নেদারল্যান্ডস বাংলাদেশ দূতাবাসে বাধ্যতামূলক রেজিস্ট্রেশন।


০২। এছাড়া নেদারল্যান্ডস বাংলাদেশ দূতাবাসের বিবেচ্যপত্রের প্রেক্ষিতে ক্রোয়েশিয়ায় বাংলাদেশী কর্মী রিক্রুটমেন্টের ক্ষেত্রে প্রচলিত প্রক্রিয়ার পাশাপাশি নিম্নোক্ত বিশেষ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।

২:১ বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে ক্রোয়েশিয়াগামী কর্মীদের সাক্ষাৎকার ও প্রয়োগিক (practical) পরীক্ষা গ্রহণপূর্বক চাহিদাপত্র ও এমপ্লয়মেন্ট কন্ট্রাক্ট অনুসারে তাদের দক্ষতা ও যোগ্যতার বিষয়টি নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

২:২ চুক্তিপত্র ও চুক্তির মেয়াদ অনুসারে নিয়োগকারী কোম্পানীর অধীনে কর্মস্থলে কর্মীরা কাজ করবে, কর্মস্থল হতে পলায়ন করবে না এবং নির্দিষ্ট মেয়াদে চাকুরি শেষে নিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় দেশে ফেরত আসবে মর্মে ক্রোয়েশিয়াগামী কর্মী এবং তার পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা গ্রহণ এবং কোরিয়াগামী ইপিএস কর্মীদের ন্যায় তার সপক্ষে বিএমইটি'র অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নিরাপত্তা জামানত গ্রহণ এবং

২:৩ বহির্গমন ছাড়পত্র/স্মার্টকার্ড প্রাপ্ত ক্রোয়েশিয়াগামী কর্মীদের তালিকা ও ফ্লাইট শিডিউল নেদারল্যান্ড বাংলাদেশ দূতাবাস এবং অত্র মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করা।

০৩। এমতাবস্থায়, ক্রোয়েশিয়ায় কর্মী প্রেরণের ক্ষেত্রে উপরোল্লিখিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ রেজাউল করিম)
উপসচিব
পরিচালক (বহির্গমন)
ফোন : +৮৮-০২-৯৩৪২৪১৫

মহাসচিব
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল
রিক্রুটিং এজেন্সিস (বায়রা), বায়রা ভবন, ১৩০,
নিউ ইক্সটন রোড, ঢাকা।


বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইক্সটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২১/৫১

তারিখঃ ০৩/০২/২০২১

সদয় অবগতি ও সানুগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।


(মুহাম্মাদ মাকসুদ রহমান)
সচিব (প্রশাসন), বায়রা।

বিতরণঃ সম্মানিত সদস্য (সকল)
বায়রা।